

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ১৩/০৫/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ৬-৩১/২০২৬

যেহেতু, জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা জনৈক জনাবা শারমিনা সুলতানা-কে বিয়ের প্রলোভন দেখিয়ে ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণকারার অভিযোগে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্যাইবুনাল-২, খুলনায় তার নামে জনৈক জনাবা শারমিনা সুলতানা কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০(সংশোধিত-২০০৩) এর ৯(১) ধারায় মামলা দায়ের করা হয় (মামলা নং-১১৭/২০২৪); যেহেতু, মামলার গুনানীঅস্ত্রে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট খুলনা জামিন না মঞ্জুর করে গত ১৪/০১/২০২৫খ্রিঃ তারিখ তাকে জেল হাজতে প্রেরণ করার আদেশ প্রদান করা হয়; যেহেতু, এ প্রেক্ষিতে তিনি জেল হাজতে অন্তরীণ থাকায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৭০/২০২৫ তারিখঃ ০৬/০২/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(৫) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে জনৈক জনাবা শারমিনা সুলতানা, পিতাঃ শহিদ সওদাগর, মাতাঃ নিলুফা বেগম, ঠিকানাঃ গল্লামারী ইসলাম নগর, থানা ও জেলাঃ খুলনা কর্তৃক গত ০৩/১১/২০২৪ তারিখ চেয়ারম্যান বরাবর একটি অভিযোগ পত্র দাখিল করা হয়; যেহেতু, অভিযোগের বিষয়ে সত্যতা নিরূপণের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২২৫২/২০২৪ তারিখঃ ২৪/১১/২০২৪ দ্বারা জনাব মোঃ মনিরুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যন্ত্রায়ন), হাইড্রোগ্রাফি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিযুক্ত করা হয়; যেহেতু, তদন্ত কর্মকর্তার গত ২৬/০১/২০২৫ তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাদের মধ্যে দীর্ঘদিনের ঘনিষ্ঠ প্রেমের সম্পর্ক বিদ্যমান ছিল বলে প্রতীয়মান হয় এবং বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্যাইবুনাল-২, খুলনার নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০(সংশোধিত-২০০৩) এর ৯(১) ধারার মামলায় জেল হাজতে অন্তরীণ থাকার বিষয়টি প্রমানিত হয়;

যেহেতু, জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) এর উপস্থিত কার্যকলাপে কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ন হয়েছে, যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(খ) প্রবিধান অনুসারে "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩০৩.২০২৫/১১৩; তারিখঃ ১৭/০৫/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তার ২৭/০৫/২০২৫খ্রিঃ তারিখের অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২) (গ) মোতাবেক অভিযোগ তদন্তের নিমিত্ত কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১১৮৯/২০২৫; তারিখঃ ২১/০৭/২০২৫খ্রিঃ দ্বারা জনাব মুঃ কবির হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে আহবায়ক করে ২(দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক গত ১৩/০৪/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ "প্রতারণা" এর শামিল প্রমানিত হয়; তবে তার বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলাটি বর্তমানে চলমান রয়েছে; যেহেতু, তিনি ১০/০২/২০২৫ তারিখ হতে মামলায় জামিনে রয়েছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন সহ নথি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ বলবৎ থাকা, বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (খ) প্রবিধান মোতাবেক "১(এক) বছর বেতন বর্ধন স্থগিত" লখ্য দণ্ড আরোপ এবং তাঁর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক নিষ্পত্তি হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে বিভাগীয় মামলার সকল কার্যক্রম নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ বলবৎ থাকা, বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক "১(এক) বছর বেতন বর্ধন স্থগিত" লঘু দণ্ড আরোপ করে তাঁর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক নিষ্পত্তি হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তবে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪৫(১) প্রবিধান মোতাবেক ফৌজদারী মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত আরোপিত লঘু দণ্ড স্থগিত থাকবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ
তারিখঃ ১৬ /০৫/২০২৬খ্রিঃ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩০৩.২০২৫/৪২১৬

অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলে)
- ০৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৭। জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। বক্তৃগত নথি।

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।